



তথ্যবিবরণী

নম্বর-০৩৮

রাজশাহীতে ফুটওভার ব্রিজ উদ্বোধন করলেন রাসিক প্রশাসক

রাজশাহী; ২৭ ভাদ্র (১১ সেপ্টেম্বর):

আজ বুধবার (১১ সেপ্টেম্বর) সকালে নগরীর লক্ষ্মীপুর মিন্টু চত্বর ও নিউ গভঃ ডিগ্রী কলেজ গেট সংলগ্ন দুটি ফুটওভার ব্রিজের উদ্বোধন করেন রাজশাহী সিটি কর্পোরেশনের (রাসিক) প্রশাসক ও বিভাগীয় কমিশনার ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ুন কবীর।

ফুটওভার ব্রিজ উদ্বোধন শেষে হুমায়ুন কবীর বলেন, আজকে জনসাধারণের জন্য ফুটওভার ব্রিজ খুলে দেয়া হলো। এতে সাধারণ জনগণের চলাচলের সুবিধা হবে এবং নগরীর যানজট কমবে। ফুটওভার ব্রিজে অবৈধ ব্যানার, বিলবোর্ড বা অসুন্দর কাজ না করার জন্য নগরবাসীকে অনুরোধ করেন তিনি।

উল্লেখ্য যে, রাজশাহী মহানগরীর সমন্বিত নগর অবকাঠামো উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় নগরীর দশটি ফুটওভার ব্রিজ নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়। এর মধ্যে আজ ছয়টি ফুটওভার ব্রিজ জনসাধারণের ব্যবহারের জন্য উন্মুক্ত করা হয়। উন্মুক্ত করা ফুটওভার ব্রিজগুলো হচ্ছে- নিউ গভঃ ডিগ্রী কলেজ গেট, লক্ষ্মীপুর মিন্টু চত্বর, নওদাপাড়া বাজার, তালাইমারী মোড়, বিনোদপুর মোড় এবং অগ্রণী স্কুল এন্ড কলেজ সংলগ্ন ফুটওভার ব্রিজ। এছাড়াও নগরীর মনিচত্বর ও মিশন গার্লস স্কুল সংলগ্ন ফুটওভার ব্রিজের কাজ চলমান রয়েছে বলে জানানো হয়। স্থান জটিলতার কারণে দুইটি ফুটওভার ব্রিজের কার্যক্রম স্থগিত রয়েছে।

ফুটওভার ব্রিজগুলোর উচ্চতা ৫.৮ মিটার এবং প্রশস্ত ৩.৬ মিটার। শুরুতে এগুলো নির্মাণ ব্যয় ধরা হয়েছিল প্রায় ৫০ কোটি ৭২ লাখ টাকা।

অনুষ্ঠানে রাসিকের সচিব মোঃ মোবারক হোসেন, ভারপ্রাপ্ত তত্ত্বাবধায়ক প্রকৌশলী আহমেদ আল মঈন পরাগ, নির্বাহী প্রকৌশলী (উন্নয়ন) মাহমুদুর রহমান, নির্বাহী প্রকৌশলী পরিকল্পনা সুব্রত কুমার সরকার, নগর পরিকল্পনাবিদ বনি আহসানসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

.....
তৌহিদ/আতিক/আরিফ/আলীম/রুহুল/২০২৪/১৪.৩০ ঘ.